# কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায়: বিদ‘আত ও বিভক্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ৬. ২. প্রসিদ্ধ ফিরকাসমূহ

আমরা দেখেছি যে, দ্বিতীয় হিজরী শতাব্দী থেকে মূল প্রসিদ্ধ ফিরকা ছিল ৪টি: (১) শীয়া, (২) খারিজী, (৩) কাদারিয়্যাহ ও (৪) মুরজিয়্যাহ। ষষ্ঠ হিজরী শতাব্দী পর্যন্ত প্রসিদ্ধ ফিরকা ৯টিতে পরিণত হয়: (১) খারিজী (২) মুতাযিলা (৩) মুরজিয়া (৪) শিয়া (৫) জাহমিয়্যাহ (৬) নাজারিয়া (৭) জাবারিয়া (৮) কালাবিয়া (৯) মুশাবিবহা।

এদের অধিকাংশ ফিরকাই ক্রমান্বয়ে বিলুপ্ত হয়েছে এবং পরবর্তীকালে আরো অনেক নতুন ফিরকার উদ্ভব ঘটেছে। এ সকল প্রাচীন ফিরকার মধ্যে শীয়া ও খারিজী সম্প্রদায় এখনো বিদ্যমান। এছাড়া অন্যান্য ফিরকার কিছু চিন্তাভাবনা বা বিক্ষিপ্ত আকীদা বর্তমান যুগে পাওয়া যায়। এখানে সংক্ষেপে মূল ফিরকাগুলির বর্ণনা প্রদান করছি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13798

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন